গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, মোংলা
[লাইসেন্স শাখা]
www.mch.portal.gov.bd

ইমেইল/রেজিষ্টার এডি যোগে

নথি নং- এস/৪৫/লাই:/মোংলা/৭৯-৮০/ তারিখঃ

বিষয়ঃ **লাইসেন্সের সাময়িক স্থগিতাদেশ এবং AIN এর বিপরীতে *User ID: cosmos_kln@yahoo.com* এর Suspension প্রত্যাহার।**

সূত্র: ০১। জনাব আব্দুল্লাহ আল মামুন, অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস, কাস্টমস হাউস, মোংলা হতে প্রাপ্ত পত্র নং- নাই, তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রি:।
০২। অত্র দপ্তরের পত্র নং- এস/৪৫/লাই:/মোংলা/৭৯-৮০/৫৫৫০, তারিখ: ৩১/০৮/২০২৬ খ্রি:।
০৩। অত্র দপ্তরের পত্র নং- এস/৪৫/লাই:/মোংলা/৭৯-৮০/৫৯১৩, তারিখ: ১৪/০৯/২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত ০১ নং পত্রের মাধ্যমে উল্লিখিত অভিযোগের আলোকে সূত্রোক্ত ০২ নং পত্রের মাধ্যমে শিপিং এজেন্ট কস্‌মস্ শিপিং লাইন্স (প্রা:) লিমিটেড (মূল শিপিং লাইসেন্স নং- ১১৫/৮০, তারিখ: ০২/০৭/১৯৮০ খ্রি:) বরাবর কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। পরবর্তীতে প্রতিষ্ঠান কর্তৃক আলোচ্য অভিযোগ স্বীকার করে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করা হয় এবং ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হয়ে বক্তব্য প্রদান করা হয়। আলোচ্য অনভিপ্রেত ঘটনা বা অভিযোগের জন্য শিপিং এজেন্ট প্রতিষ্ঠানটি ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি হবে না মর্মে আশ্বাস প্রদান করেন। সেই প্রেক্ষিতে সূত্রোক্ত ০৩ নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানকে অভিযুক্ত করে শিপিং এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫(২)(খ) অনুযায়ী জরিমানা আরোপসহ বিচারাদেশ জারী করা হয়। উক্ত বিচারাদেশ মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ করা হয়। প্রতিষ্ঠানটি তা যথাযথ সরকারি কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করেছেন যা যাচাইঅন্তে সঠিক পাওয়া গেছে।

০৪। এমতাবস্থায়, যেহেতু বিচারাদেশের শর্ত মোতাবেক প্রতিষ্ঠানটি জরিমানার সম্পূর্ণ অর্থ যথাযথভাবে জমা প্রদান করেছেন এবং তা যাচাইঅন্তে সঠিক পাওয়া গেছে সেহেতু শিপিং এজেন্ট প্রতিষ্ঠান কস্‌মস্ শিপিং লাইন্স (প্রা:) লিমিটেড (মূল শিপিং লাইসেন্স নং- ১১৫/৮০, তারিখ: ০২/০৭/১৯৮০ খ্রি:) কে আলোচ্য অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো এবং লাইসেন্সের সাময়িকভাবে স্থগিতাদেশ ও প্রতিষ্ঠানটির AIN এর বিপরীতে ***User ID: cosmos_kln@yahoo.com*** এর Suspension প্রত্যাহার করা হলো।

এইচ এম শরিফুল হাসান
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ।

প্রাপকঃ ব্যবস্থাপনা পরিচালক,
কস্‌মস্ শিপিং লাইন্স (প্রা:) লিমিটেড
৬, কেডিএ এভিনিউ, খুলনা-৯০০০।

নথি নং- এস/৪৫/লাই:/মোংলা/৭৯-৮০/ তারিখঃ 17 SEP 2026

অনুলিপি অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার, কাস্টমস হাউস, মোংলা (প্রতিষ্ঠানটির AIN এর বিপরীতে ***User ID: cosmos_kln@yahoo.com*** Suspension প্রত্যাহার করার জন্য এবং অত্র দপ্তরের ওয়েবসাইটে নোটিশটি আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
২। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৩। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, খুলনা শাখা; ঠিকানা: আনসারী কমপ্লেক্স (৩য় তলা), ১৬০, শের-এ-বাংলা রোড, খুলনা-৯১০০ (আপনার অ্যাসোসিয়েশনের সদস্যগণকে ভবিষ্যতে এ ব্যাপারে সর্তক থাকার জন্য অনুরোধ করা হলো)।
৪। ক্যাপ্টেন, MV. PHC SURYA, অত্র দপ্তরের আমদানি পালা নং- ৫২২/২০২৬, তারিখ: ২৭/০৮/২০২৬ খ্রি:।
৫। জনাব আব্দুল্লাহ আল মামুন, অ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস, পিও অন বোর্ড, কাস্টমস হাউস, মোংলা
৬। পিএটু কমিশনার, কাস্টমস হাউস, মোংলা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

এইচ এম শরিফুল হাসান
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ।

388/F:\New Folder\01. Licence Branch\02. Old Folders\SCN\Hearing Letter.Docx

(এইচ এম শরিফুল হাসান)
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস